অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/9/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল হাডসন নদীতে 1.85 মিলিয়ন ডলারের বন্যা সহনশীলতা প্রকল্পের নির্মাণের ঘোষণা করেছেন

প্রকল্পটি ভবিষ্যতের উচ্চ জল থেকে পুটনাম কাউন্টির ডকসাইড পার্ককে শক্তিশালী করবে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে কোল্ড স্প্রিং গ্রামে ডকসাইড পার্কের জন্য 1.85 মিলিয়ন ডলারের স্থিতিস্থাপকতা প্রকল্পের নির্মাণ কাজ শুরু হয়েছে যাতে এই সম্প্রদায়কে হাডসন নদীর তীব্র ঝড় এবং ভবিষ্যতের বন্যাকে আরও ভালোভাবে মোকাবেলা করতে সহায়তা করবে।

"আমরা দেখেছি যে জলবায়ু পরিবর্তনের কারণে চরম আবহাওয়া কিভাবে অকল্পনীয় বিপর্যয় নিয়ে আসতে পারে এবং সম্প্রদায়গুলিকে বিপর্যস্ত করতে পারে। এই কারণেই এটা গুরুত্বপূর্ণ যে আমরা এমন প্রকল্পগুলিতে বিনিয়োগ করব যা বন্যা প্রতিরোধ করবে এবং বাড়ি ও ব্যবসাকে রক্ষা করবে।" **গভর্নর হোচুল বলেন।** "জলবায়ু পরিবর্তন আর কোন ঝুঁকি নয়, এটা আমাদের একটি বাস্তবতা। ভবিষ্যত হাডসনে উচ্চতর জলের স্তর নিয়ে আসবে এবং এই প্রকল্পটি প্রাকৃতিক প্রশমন প্রচেষ্টাকে অন্তর্ভুক্ত করে যা ডকসাইড পার্ককে স্রোত, তরঙ্গ এবং বরফ আরও ভালোভাবে প্রতিরোধ করার জন্য আরও টেকসই উপকূলরেখা প্রদান করবে, সেই সাথে এই গুরুত্বপূর্ণ নদীর ধারে বসবাসকারী স্থানীয় প্রজাতিগুলিকে উৎসাহিত করবে। আমরা যখনই সম্ভব এই রকম প্রতিরোধমূলক ব্যবস্থা নিয়ে কঠোর পরিশ্রম করব।"

26-একরের পার্কটি নিকটবর্তী হাডসন হাইল্যান্ডস স্টেট পার্কের (Hudson Highlands State Park) অংশ হিসাবে স্টেট পার্কসের (State Parks) মালিকানাধীন, তবে এর পরিচালনা করে কোল্ড স্প্রিং গ্রাম। গ্রামটি এখানে আতশবাজি, কনসার্ট, চলচ্চিত্র এবং শিশুদের কার্যকলাপ সহ বিভিন্ন বার্ষিক অনুষ্ঠানের আয়োজন করে। 2012 সালে হারিকেন স্যান্ডি সহ পার্কটি এর আগে বন্যায় আক্রান্ত হয়েছিল।

উপকূলরেখাটি টেকসই করতে এবং স্থিতিশীল তৈরি করতে, যৌথ পার্ক-DEC প্রকল্পের অন্তর্ভুক্ত বিদ্যমান রিপ্র্যাপ, কংক্রিট স্ল্যাব এবং উপকূল থেকে রেক অপসারণ করা; উপকূলের গ্রেডিং করা এবং বোল্ডার রিভেটমেন্ট, টো ট্রিটমেন্ট, আইস ব্রেকার বোল্ডার এবং দেশীয় গাছপালা সহ পার স্থিতিশীলকরণ বৈশিষ্ট্যগুলি ইনস্টল করা। এছাড়াও, পার্কের উত্তর প্রান্তে মোটর চালিত নয় এমন, কার-টপ বোট এবং অন্যান্য বিনোদনমূলক সুবিধার জন্য একটি বোট র্যা ম্প স্থাপন করা

হবে। স্থানীয় জলাভূমি এবং উচ্চভূমিতে রোপণ উন্নত বাসস্থান এবং অতিরিক্ত ক্ষয় হ্রাসের ব্যবস্থা করবে।

উপকূলরেখাটি বাসিন্দা এবং পরিযায়ী মাছের সাথে পরিযায়ী পার্চিং পাখি, স্তন্যপায়ী প্রাণী, সরীসৃপ এবং কীটপতঙ্গদের দ্বারা ব্যবহৃত হয়। ছোট, খাদ্য সন্ধানকারী মাছের প্রজাতি যেমন কিলিফিশ এবং মমিচোগ ও তার সাথে পরিযায়ী জুভেনইল হেরিং এবং শ্যাড উপকূল বরাবর উদ্ভিজ্জ অগভীর জায়গাগুলি দখল করে থাকে।

পার্ক কমিশনার কুলসেইড বলেছেন, "পাথর এবং গাছপালা সহ ঢালের সংমিশ্রণ উচ্চ জল এবং ঝড়ের সময় পার্কটি স্থিতিশীল করার উদ্দেশ্যে প্রস্তুত করা হয়। এই ঢালগুলি অগভীর এবং আন্তঃবানের অঞ্চলের স্থান প্রদান করবে, যেগুলি হাডসনের গুরুত্বপূর্ণ আবাসস্থল, যা পরবর্তী কয়েক দশক এবং তার পরেও সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির সাথে সাথে উপরের দিকে প্রসারিত হতে পারে।"

DEC কমিশনার সেগোস বলেন, "DEC ডকসাইড পার্কে হাডসন নদীর উপকূলরেখার 750 ফুট সমৃদ্ধ করার জন্য একটি সহযোগী প্রচেষ্টায় স্টেট পার্কে আমাদের অংশীদারদের সাথে কাজ করতে পেরে গর্বিত। একবার সম্পূর্ণ হলে, এই পার্কটি হাডসন নদীর উপর টেকসই উপকূলীয় প্রকল্পগুলির জন্য একটি মডেল হবে, যা পরিবেশগত, বিনোদনমূলক এবং প্লাবনভূমির উন্নতিগুলি বাস্তবায়নের জন্য গভর্নর হোচুলের প্রতিশ্রুতি প্রদর্শন করে যা আমাদের পরিবর্তনশীল জলবায়ুর দ্বারা চালিত গুরুতর ঝড় এবং উচ্চ জলের বিরুদ্ধে সম্প্রদায়ের স্থিতিস্থাপকতা বৃদ্ধি করে।"

কোল্ড স্প্রিং মেয়র ক্যাথলিন ফোলি বলেছেন, "আমাদের মতো হাডসন নদীর সম্প্রদায়গুলিতে ক্রমবর্ধমান তীব্র ঝড় এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির বাস্তবতাকে উপেক্ষা করার কোন উপায় নেই। আমাদের জল সম্মুখস্ত এলাকায় প্লাবনের জন্য পরিকল্পনা করা অপরিহার্য। ডকসাইড শোরলাইন স্থিতিশীলকরণের মতো একটি প্রকল্প আমাদের স্থানীয় বাজেটের এক্তিয়ারের বাইরে। রাজ্যের অংশীদারিত্ব এই অত্যন্ত প্রয়োজনীয় কাজটিকে সম্ভব করে তোলে এবং এমন সুযোগ-সুবিধা যোগ করবে যা বাসিন্দাদের এবং দর্শনার্থীদের জন্য একইভাবে আমাদের দুর্দান্ত জল সম্মুখস্ত এলাকায় বিনোদনমূলক অ্যাক্সেস প্রসারিত করবে।"

পুটনাম কাউন্টির নির্বাহী মেরিএলেন ওডেল বলেছেন, "একটি সুরক্ষিত হাডসন নদী সংলগ্ন এলাকা থাকা শুধু গ্রাম এবং তার বাসিন্দাদের পরিবর্তনশীল জলবায়ু থেকে নিরাপদ রাখতে কাজ করবে তাই নয়, একটি আরো স্থিতিস্থাপক ডকসাইড পার্ক পর্যটনের জন্য একটি আশীর্বাদ হবে। পুটনাম কাউন্টির সব চেয়ে সুন্দর দৃশ্যপটগুলির মধ্যে একটিকে সমর্থন করার জন্য আমরা গভর্নর হোচুলের কাছে কৃতজ্ঞ।"

স্টেট পার্ক এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ড থেকে 1.4 মিলিয়ন ডলার প্রদান করে কাজটিকে সমর্থন করছে, এবং পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department Of Environmental Conservation, DEC) হ্যাবিট্যাট মিটিগেশন ফান্ডিং বাবদ 418,000 ডলার প্রদান করছে। ফিশকিলের কয়েল ইন্ডাস্ট্রিজ ইনকর্পোরেটেড (Coyle Industries Inc.,) এর সাধারণ ঠিকাদার।

2022 সালের সেপ্টেম্বর মাসে কাজ সম্পন্ন হবে বলে আশা করা হচ্ছে। পরিকল্পনাগুলি কাজ সমন্বিত করা আবশ্যক করে যাতে পার্কটি যতটা বেশি সম্ভব খোলা থাকে, যদিও নির্দিষ্ট সময়ে কাজের কারণে বন্ধ হওয়া সম্ভব।

প্রকল্পের নকশাটি কোল্ড স্প্রিং থেকে বিকন পর্যন্ত নদীর ধার বরাবর পরিকল্পিত 7.5 মাইল হাডসন হাইল্যান্ডস ফোর্ড ট্রেইল স্থাপন করার পর্যাপ্ত স্থান প্রদান করে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন 250 এর বেশি একক পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদন ট্রেইল, এবং নৌকা চলাচল দেখাশোনা করে, যা 2020 সালে রেকর্ড সংখ্যক 78 মিলিয়ন মানুষ দেখতে গিয়েছেন। এসব চিত্তবিনোদনের জায়গার যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য www.parks.ny.gov ওয়েবসাইট দেখুন, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ ডাউনলোড করুন অথবা 518.474.0456 নম্বরে ফোন করুন। এছাড়াও, ফেসবুক, ইনস্টাগ্রাম ও টুইটারে সংযুক্ত হোন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন